

শালীর প্রেমে
স্ত্রী হত্যা



জনপ্রিয় বহু ছড়া প্রণেতা

কবি— শ্রীসুকুমার বন্দ্যোপাধ্যায়

প্রকাশক— শ্রীমনোরঞ্জন সাহা

দমদম—কলিকাতা-২৮

মূল্য ১০ দশ নয়া পয়সা।

না।

রি।

কবিতা আরম্ভ

—:—

প্রথম করিয়া হরির চরণ দুইখানা,
 তারপরে করিলাম আমি কবিতার বন্দনা।
 সেই আল্লা ২ সেই হরি বলি সবার ঠাই,
 নাস্তিক অত্যা ইথে জানিবেন ভাই।
 মানুষ সৃষ্টি করে ২ এ সংসারে আপনি সে ভোলা,
 মানুষ দিয়া মানুষ বানাইয়া করছে কত খেলা।
 এনে আজব খেলা ২ খেলছে ভোলা প্রেম দিয়াছে ভরি
 সেই প্রেমে পড়িয়া মানুষ করছে দৌড়াদৌড়ি।
 কত প্রেমের ফাঁদে ২ মোহমদে মানুষ হল অন্ধ,
 বই খাতা নিল চোরে জ্ঞানের অফিস বন্ধ।
 নারী স্রজন করে ২ রূপ সাগরে রাখেন ডোবাইয়া,
 জগৎকে করিল পাগল ভদ্রিমা দেখাইয়া।
 নারী রূপের বাণ ২ দিয়া সান রাখছে নয়ন ভরে,
 হৃদয়-ধনুক টঙ্কার দিয়া পুরুষ পাইলে মারে।
 তাতে বিব মাখাইয়া ২ দেয় ছাড়িয়া পুরুষের বুকে,
 রূপের বাণ খাইয়া পুরুষ ঘুরছে পাকে পাকে।
 এমনি ভবের খেলা ২ নারীর মেলা নারী হল সার,
 নারীর কথায় ঘুরিতেছে জগৎ সংসার।
 নারী লজ্জাবতী ২ কালের গতি চমৎকার হেরি,
 নারীর মোহে পড়ে পুরুষ গলায় লাগায় দড়ি।
 এখন সব ছেড়ে ২ ধীরে ধীরে শুনে যত ভাই,
 দার্জিলিং জেলার একটি ঘটনা জানাই।

[৩]

পাইলাম পত্রিকাতে ২ কবিতাতে করিলাম কল্পনা,
জ্ঞানেনবাবু নামটি ছিল করিলাম বর্ণনা।
বাড়ী দিনাজপুরে ২ চাকরী করে দার্জিলিং শহরে,
দেড়শো টাকা মাসিক বেতন পাইতেন মাসকাবারে।
সুন্দরী পত্নী পাইয়া ২ সুখী হইয়া কাটায় বারোমাস,
এমন সময় টেলিগ্রাম এক ভাগিল তার পাস।
লিখছে আপন শালী ২ নারাতলী বলিকাতায় থাকে,
জামাই বাবু শহরে আসেন দেখিতে আমাকে।
গত শনিবারে ২ দশটার পরে আমার প্রাণের পতি,
আমাকে ছাড়িয়া গেল ঘটাইয়া দুর্গতি।
পাইয়া টেলিগ্রাম ২ চঞ্চল প্রাণ জ্ঞানেন বাবুর হল,
কলিকাতায় বাইতে বিদায় পত্নীর কাছে নিল।
চলল লক্ষ্মী মেইলে ২ খুব সকালে পৌছল বলিকাতায়
ট্রাম যোগেতে নারাতলী অচিরেতে পায়।
বাসা সতের নম্বর ২ সে সব খবর জ্ঞানেনবাবু জানে,
সোজাসুজি উঠিল গিয়া শালীর ভবনে।
হায়রে মীনা বালা ২ রূপের মালা চিত্তায় হল কালা,
কান্দিয়া কান্দিয়া ধরে জামাইবাবুর গলা।
কিবা হবে গতি ২ ভগ্নিপতি উপায় নাহি হেরি,
কলিকাতা শহরেতে কেমনে বাস করি।
নাই আপন জন ২ আত্মীয় স্বজন থাকবার উপায় নাই
আপনার সঙ্গে যাবো বড় দিদির ঠাই।
টাকা বিশেষ নাই ২ সত্য জানাই পচিশ হাজার মোটে
বিশ ভরি আছে স্বর্ণ অলঙ্কার বটে।
এসব যাব নিয়া ২ তথায় গিয়া করব বাসা বাড়ী,
গভাগিনীর প্রতি লক্ষ্য রাখবেন সদাচারী।

হায়রে টাকার মোভে ২ এই ভবে অসম্ভব হয়,
 হাতে ধরে কাল সাপিনী মাথায় তুলি লব।
 হায়রে জ্ঞানেন রায় ২ অজ্ঞান প্রায় টাকার লোভ পাইয়া
 লক্ষ্মী মেলের করল টিকিট নোট ভাঙ্গাইরা।
 উঠে প্রথম শ্রেণী ২ আলোখানি স্থলছে বিহ্বৎ বাতি,
 কামদেব সঙ্গেতে যেমন বসিয়াছে রতি।
 বাতি স্থলছে ভাল ২ রূপ শিশাল মীনা বালার সঙ্গে,
 অরুণ উদয় যেমন মীনা বালার সঙ্গে।
 গলে নেকলেস্ পরা ২ যার না ধরা সুজনের চোখে,
 বিহ্বৎ চমকায় গো যেমন মীনা বালার মুখে।
 নাথে কোকড়া চুলে ২ জগৎ ভুলে থাকে থাকে বাঁকা,
 সমুদ্র তরঙ্গ যেমন নিত্য করে দেখা।
 শাড়ী ডিজাইন করা ২ হাতে পরা সোনার কঙ্কন,
 অকাল বৈধব্য তারে না করিল বর্জন।
 সঙ্গে নব যৌবন ২ চলে যখন মাজা পরে হেলে,
 কানেতে সুবর্ণ দোলে ময়ূর পেখম মেলে।
 হায়রে অভাগিনী ২ কাদালিনীর এই ছিল কপালে,
 এমনি সময় স্বামী গেল গঙ্গার কূলে।
 হায়রে দারুন বিধি ২ দিয়া নিধি কেড়ে কেন নিলে,
 সুন্দর যৌবন কেন সাগরে ভাসালে।
 দারুন যৌবন কালে ২ ভ্রমণে কে আছে গো সাথী,
 মনের মায়াব বিনে হৃদয় স্থলে দিবা রাত্তি।
 এখন এসব রেখে ২ যাইগো লিখে আসল-বিবরণ,
 চুপকে পাইলে লোহা করে আকর্ষণ।
 মীনা ধীরে ধীরে ২ শয়ন করে ভগ্নিপতির কোলে,
 দৌ দৌ শব্দে মেইল গাড়ী চলছে আজর কলে।

মীনার কামরূপ গাড়ী ২ মদন বাড়ী ষ্টেশনেতে যা'য়,
 জ্ঞান বাবুকে টিকিট দিতে লোভ মাষ্টার পাঠায় /
 টিকিট কাটা হল ২ দিয়া দিল জ্ঞান বাবুর অন্তরে,
 ধীরে ধীরে জ্ঞান বাবু মীনার দিকে ফিরে।
 মীনা নয়ন-বাণে ২ আকর্ষণে মারিল টংকার,
 জ্ঞানবাবুর অন্তঃপুরে লাগিল বংকার।
 দেখে রূপের বাতি ২ মারছে জ্যোতি জ্ঞানবাবুর মনে,
 ধীরে ধীরে কথা বলে মীনা বালার সনে।
 তোমার রূপ-বোবন ২ অকারণ যাবে শুকাইয়া,
 মনের মতন পাত্র পাইলে তোমায় দিব বিয়া।
 মীনা বলে তখন ২ অকারণ কেন রাখ দূরে,
 টাকা পয়সা সোনা দানা দিব যে তোমায়ে।
 বিয়া করব না আর ২ সঙ্গে তোমার থাকব প্রেমে মাতি,
 তুমি আমি দুজনাতে জ্বালবো প্রেমের বাতি।
 আমার রূপ-বোবন ২ দিলাম এখন সাক্ষী বশুমতী,
 আজি হতে হলে তুমি আমার গুপ্ত সাথী।
 তখন জ্ঞানেন রায় ২ অজ্ঞান প্রায় নারীর মোহে পরি,
 নূতন প্রেমে মজাইল মন ঘরে রাখিয়া জ্বী।
 হায়রে কামরূপ গাড়ী ২ মদনবাড়ী ষ্টেশন-ইইয়া,
 বিন্দুপুর শহরে গাড়ী থামিল আসিয়া।
 জংশন হয়ে পার ২ গাড়ী এবার আসল শিলিগুড়ি,
 সেখান হইতে পাইল তারা দার্জিলিংয়ের গাড়ী।
 গেল আপন বাসা ২ সংক্ষেপে তার করিলাম বর্ণনা,
 নূতন একখানা বাসা করে থাকিবারে মীনা।
 করে পৃথক বাসা ২ ঘাওয়া আসা নিতি নিতি করে,
 সেই বাড়ীতে মীনা বালা থাকে আপন ঘরে।

ন।

র।

[৬]

শুনে শ্রোতাগণ ১ বিবরণ কি দিব আর ভাবা,
এমনি ভাবে মীনা বাল পুরায় মনের আশা।
তখন এসব কথা ২ শুনে শ্রোতা গোপন নাহি থাকে
কানাকানি টোনাটনি করে পাড়ার লোকে।
শুনে মীনার দিদি ২ নিরবধি চক্ষে ঝরে বারি,
কেমনে ভাঙ্গিবে সেই মীনার কাছারী।
নারী সইতে পারে ২ এ সংসারে সব নির্যাতন,
আশীদার হইলে নারীর বিফল জীবন।
বাবু মদ খাইয়া ২ যায় চলিয়া মীনা বালার ঘরে,
মাতাল হইয়া ফিরে রাত্র দশটার পরে।
একদিন কথায়কথায় ২ রাগের মাথায় বলছে মীনার দিদি
নীনা কে আনিয়া ঘরে রাখ নিরবধি।
বাবু মদের মাতাল ২ রাগের হাল তাতে অন্ধ হল,
হকি-ষ্টিক লইয়া হাতে মাথায় বারি দিল।
হায়রে কোমল প্রাণে ২ আঘাত হানে সহিতে না পারে,
সুবর্ণ দোলায় প্রাণ চলে গোলকপুরে।
মাতাল চঞ্চল হল ২ পরে রইল সেই ঘরেতে মরা,
মীনা বালার কাছে গিয়ে সংবাদ দিল দূরা।
মীনা অস্থির হইয়া ২ যায় দৌড়াইয়া প্রেমিকের মনে,
কি করিয়া মরা লাশ রাখিবে গোপনে।
নারী চালাক ভারী ২ বুদ্ধি তারি অরিতে ঘটিল,
কাপড়ের বাস্ত্র এনে খালি করে দিল।
বাবু মরা ধরে ২ বাস্ত্রে ভরে গোপন করিবারে,
বুক পকেটে ছিল পত্র পরে অগোচরে।
বিধির আজ্ঞাব লীলা ২ ভবের খেলা কে বুঝিতে পারে,
শাশ গোপন করিতে ট্রাঙ্কে তালা চাবি মারে।

বলছে
গাড়ীয়ে
বাবু তা
আমিন
কুলি ডা
মালের
তখন ষ্টে
গুদামে
ভাইরে
আশ্চর্য
ট্রাঙ্ক খো
অলঙ্কার
তখন মে
পত্র খানা
পাপে ধরে
পত্র খানা
তখন আই
থানায় থা
ভাইরে আ
নৃতন প্রে
প্রেমের হ
আপীল ক
ভাইরে মী
মকম্বলে
এসব গুণ
উকিলবাবু

বলছে মীনা বালা ২ বাঁচবে যদি চল তাড়াতাড়ি,
 গাড়ীতে উঠাইয়া মাল চলে আস বাড়ী ।
 বাবু তাই করিল ২ মাল দিল লক্ষ্মী মেইলে তুলি,
 আমিনগাঁও রহিল মাল গাড়ী হল খালি ।
 কুলি ডাক দিয়ে কয় ২ এক বিষয় মাল রইল কার পড়ে
 মালের মালিক না থাকিলে কে নিবে মাল ধরে ।
 তখন ষ্টেশনবাবু ২ হল কাবু আশ্চর্য্য বিষয়,
 গুদামে রাখিতে মাল কুলির কাছে কয় ।
 ভাইরে ছুই দিন পরে ২ গুদাম ঘরে মরার গন্ধ ছোটে,
 আশ্চর্য্য এক কাণ্ড হল আমিনগাঁওয়ের ঘাটে ।
 ট্রাক খোলা হল ২ সবাই দেখল আশ্চর্য্য এক মরা,
 অলঙ্কার ত দূরের কথা নাহি বসন পরা ।
 তখন মেথরগণে ২ কিন্তু মনে নাড়াচাড়া করে,
 পত্র খানা পাইল তারা ট্রাকের ভিতরে ।
 পাপে ধরে যারে ২ ছাড়াইবারে সাধ্য আছে কার,
 পত্র খানা হল সাক্ষী থানার মাঝার ।
 তখন আইনের কর্ত্তা ২ দিল বার্ত্তা টেলিফোন করে,
 থানায় থানায় জানাজানি ঘন্টার ভিতরে ।
 ভাইরে আইনের বলে ২ পুলিশ চলে জ্ঞানবাবু বাড়ী
 নূতন প্রেমে মজাইল মন হাতে উঠে দড়ি ।
 প্রেমের হবে শিক্ষা ২ যায়গো দেখা অসম্ভব নয়,
 আপীল করিয়া গোমলা জজকোর্টেতে লয় ।
 ভাইরে মীনা বালা ২ প্রথম সাক্ষী বাবুর কথা কয়,
 মক্দ্দমালে ছিলেন বাবু ঘটনার সময় ।
 শেষ গুণ্ডার দলে ২ করছে মিলে খালি বাসা পাইয়া,
 উকিলবাবু জেরা করে টেবিল ধাবা দিয়া ।

নে।

আমি সব জানে ২ স্বার্থের জন্য বলছ মিথ্যা কথা,
 আপন ভক্তি মারতে তুমি গুণ নিলে তথা ।
 সান্না ভাবছে মনে ২ কার জন্য মিথ্যা বলতে যায়,
 আমাকে মারিতে পারে যদি মুক্তি পায় ।
 বিধায় হয় না তাকে ২ আপন স্বীকে যে মারিতে পারে,
 আমাকে মারিতে পারে নূতন প্রেমে পাড়ে ।
 তখন আমি অস্ত্র ২ সব বস্তান্ত্র নীনা বলে যায়,
 হাতিম বসিয়া সকল লিখিল খাতায় ।
 হায়রে সত্য কখন ২ রয়না গোপন জুরির বিচার চলে,
 বিশ্ব বৎসরের জগৎ বাবু আশ্রয় পাইল জেলে ।
 তুমি বললে দীর্ঘ ২ প্রেমেপড়ে যারে করলে গলার হাব
 সেই নারীর সাক্ষাতে গারদ দেখিল এবার ।
 আমি এখানেতে ২ করিলাম শেষ কবিতার বন্দনা,
 এর দাম দশ নয় পয়সা নিতে ভুলবেন না ।

—কবিতা সাদ হ'লো—



চাঁউন প্রেস, ৮নং মদমদ জংশন, কলিকাতা-৩

লেখক

সং — সিং

ছোড়া পে

রেজি নং—